

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজ-এর কার্যালয়, পাবনা
(ইংলিশ শাখা)
website-(<https://pabna.judiciary>)

নম্বর-৩৪২/জে,

তারিখঃ ২৬/১০/২০২৫ খ্রিস্টাব্দ।

অফিস আদেশ

পাবনা জেলা জজ আদালতের হিসাব বিভাগে কর্মরত হিসাব সহকারী জনাব মোঃ আব্দুস সালাম এর পবিত্র ওমরা হজ পালনের আবেদন দেখলাম। তার আবেদন বিবেচনাক্রমে ছুটি বিধিমালা ১৯৫৯ এর ৩(১)(ii) এর বিধানমতে সৌদি আরবে ব্যক্তিগতভাবে পবিত্র ওমরা হজ পালনের জন্য তাকে আগামী ১১/১১/২০২৫ ইং তারিখ হতে ২৭/১১/২০২৫ ইং তারিখ পর্যন্ত অথবা যাত্রার তারিখ হতে ১৭(সতের) দিনের পূর্ণগড় বেতনে অর্জিত ছুটি মঞ্জুরসহ বর্ণিত শর্ত সাপেক্ষে সৌদি আরব গমনের অনুমতি প্রদান করা হলো। তার চাকুরী বইতে নোট দেওয়া হোক।

- ১। তার উল্লেখিত সফরে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না।
- ২। তিনি সৌদি আরবে অবস্থানকালে বাংলাদেশী টাকায় যাবতীয় বেতন ভাদাদি প্রাপ্য হবেন এবং প্রস্তাবিত ভ্রমণের কোন অংশের জন্য বিদেশী মুদ্রা/ভাতা দাবী করতে পারবেন না।
- ৩। তিনি নির্ধারিত সময়ের অতিরিক্ত সৌদি আরবে অবস্থান করতে পারবেন না।

সংশ্লিষ্ট সকলকে জ্ঞাত করা হোক।

স্বাক্ষরিত/-

(মোঃ আখতারুজ্জামান)
(সার্ভিস আইডি নং-১৯৯৮১১৮০৩৯)
সিনিয়র জেলা ও দায়রা জজ, পাবনা।
২৬/১০/২০২৫ খ্রিস্টাব্দ।

স্মারক নম্বর-৩৪২(৫)/জে,

তারিখঃ ২৬/১০/২০২৫ খ্রিস্টাব্দ।

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। ভারপ্রাপ্ত জজ, হিসাব বিভাগ, জেলা জজ আদালত, পাবনা।
- ২। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পাবনা।
- ৩। ইমিগ্রেশন কর্মকর্তা, শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৪। জনাব মোঃ আব্দুস সালাম, হিসাব সহকারী, হিসাব বিভাগ, জেলা জজ আদালত, পাবনা।
- ৫। অফিস কপি।

(সিনিজিলা আক্তার)
(সার্ভিস আইডি নং-২০১৮২১০০৬৭)
সিনিয়র সহকারী জজ, চাটমোহর, পাবনা
ও
ভারপ্রাপ্ত জজ, ইংলিশ শাখা
জেলা ও দায়রা জজ আদালত, পাবনা।
২৬/১০/২০২৫ খ্রিস্টাব্দ।